

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (১১) মসজিদে আসার অভ্যাস আছে এমন ব্যক্তিকে কি আমরা মুমিন হিসেবে সাক্ষ্য দিতে পারি?

উত্তর: কোনো সন্দেহ নেই যে, কোনো ব্যক্তি যদি সালাতের জন্য মসজিদে আসে, তার মসজিদে আসাটাই তার ঈমানের পরিচয় বহন করে। কারণ, তা না হলে কিসে তাকে ঘর থেকে বের করে মসজিদে যাওয়ার কষ্ট স্বীকার করতে বাধ্য করল?

প্রশ্নকারী যে হাদীসটির দিকে ইঙ্গিত করেছেন তা হলো, নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«إِذَا رَأَيْتُمُ الرَّجُلَ يَعْتَادُ الْمَسْجِدَ فَاشْهَدُوا لَهُ بِالْإِيمَانِ»

"তোমরা যদি কোনো ব্যক্তিকে মসজিদে আসতে অভ্যস্ত দেখ, তবে তার ঈমান আছে বলে সাক্ষ্য প্রদান কর"।[1] কিন্তু এ হাদীসটি দূর্বল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এ হাদীসটি সহীহ সূত্রে বর্ণিত হয় নি।

ফুটনোট

[1] তিরমিযী, কিতাবুল ঈমান, সালাতের মর্যাদা অনুচ্ছেদ

• Source — https://www.hadithbd.com/books/link/?id=543

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন